



এলজিবিটিআইকিউ সম্প্রদায়ের মধ্যে গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতা

অস্ট্রেলিয়াতে গার্হস্থ্য এবং পারিবারিক সহিংসতা গ্রহণযোগ্য নয়।

নারী ও পুরুষ সমকামী, উভকামী, পরিবর্তিত লিঙ্গ, হিজড়া এবং অদ্বুত লিঙ্গ হিসাবে পরিচিত ব্যক্তিদের (এলজিবিটিআইকিউ) (Lesbian, Gay, Bisexual, Transgender, Intersex and Queer, LGBTIQ) অস্ট্রেলিয়াতে সম-অধিকার রয়েছে এবং সবরকম বৈষম্য বেআইনি।

অস্ট্রেলিয়াতে আইন অনুযায়ী সব ধরনের সম্পর্ক সমান। এর অর্থ হলো সম-লিঙ্গের জুটিসহ সব জুটির সম্পর্ক বা বিয়ে করার অধিকার রয়েছে।

প্রত্যেকেরই তাদের পরিবার, বন্ধু-বান্ধব এবং প্রিয়জনদের সাথে ইতিবাচক ও নিরাপদ সম্পর্কের অভিজ্ঞতা লাভের অধিকার রয়েছে।

গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতা আইন অনুযায়ী অপরাধ। পুরুষ বা নারী নির্বিশেষে কোনো ব্যক্তি এসব অপরাধ করলে সে কারাগারে যেতে পারে।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাপন্ন হলে **০০০** নম্বরে পুলিশকে কল করুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও তথ্যের জন্য **1800 737 732** নম্বরে 1800RESPECT-এ ফোন করুন।

আপনার বিনামূল্যে দোভাষী প্রয়োজন হলে **131 450** নম্বরে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার (Australian Government) কোনো অবস্থাতেই গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতা সহ্য করে না।

পুরুষ বা নারী সঙ্গীকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে তাকে ভয় দেখানো বা নিরাপত্তার হুমকি দেয়াটা গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতার মধ্যে পড়ে। গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতার মধ্যে রয়েছে:

- আঘাত করা;
- শ্বাসরুদ্ধ করা;
- পরিবার বা সঙ্গীকে প্রয়োজনীয় অর্থ দিতে অস্বীকৃতি জানানো;
- সঙ্গীকে বন্ধু-বান্ধব ও পরিবার থেকে বিচ্ছিন্ন করে রাখা;
- সঙ্গীকে অপমান বা সমালোচনা করা; এবং
- শিশু বা পোষা প্রাণীদেরকে হুমকি দেয়া।

LGBTIQ সম্পর্কের ক্ষেত্রে গার্হস্থ্য ও পারিবারিক সহিংসতার মধ্যে রয়েছে:

- সঙ্গীর বিরুদ্ধে তাদের অদ্বুত লিঙ্গের অবস্থা, যৌনতা, লিঙ্গ, লিঙ্গের প্রকাশ, পরিবর্তিত লিঙ্গ বা এইচআইভি'র অবস্থা ব্যবহার করার হুমকি দেয়া;
- সঙ্গীর পরিবার, বন্ধু, সম্প্রদায় বা কর্মক্ষেত্রে তার কথা প্রকাশ করে দেয়ার হুমকি দেয়া;

- সঙ্গীর ওষুধ বা লিঙ্গ পরিবর্তন সংক্রান্ত স্বাস্থ্যসেবা প্রাপ্তির সুযোগ নিয়ন্ত্রণ করা; অথবা
- সঙ্গীকে যৌনকর্ম করার বা লিঙ্গ ভিত্তিক নিয়ম অনুসরণের জন্য চাপ প্রয়োগ করা।

অস্ট্রেলিয়াতে সহায়ক সেবা রয়েছে যা সাহায্য করতে পারে।

পরিবারিক এবং গার্হস্থ্য সহিংসতাসহ LGBTIQ ব্যক্তিদের ওপর প্রভাব ফেলে এমন স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার ক্ষেত্রে ACON বিনামূল্যে তথ্য সরবরাহ করে। LGBTIQ সহায়তা সেবা প্রদানকারীদের তথ্য সম্বলিত ডিরেক্টরি পেতে **ACON** এর **ওয়েবসাইট www.acon.org.au**-এ যান।

1800RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's national sexual assault, family and domestic violence counselling service)। বিনামূল্যে এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নম্বরে ফোন করুন বা **1800RESPECT** এর ওয়েবসাইট **www.1800RESPECT.org.au**-এ LGBTIQ সম্পর্কিত বিভাগে যান।

আপনার কি দোভাষী প্রয়োজন?

131 450 নম্বরে **অনুবাদ এবং দোভাষী সেবায়** (টিআইএস) (**Translating and Interpreting Service, TIS**) ফোন করুন। TIS-এর একজন দোভাষী আপনাকে অন্যান্য সেবার সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে, তবে TIS কোনো পরামর্শ প্রদান করে না। সমস্ত ফোন কল বিনামূল্যে করা যায় এবং সেগুলো গোপনীয় রাখা হয়।